হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১০ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ২৩ অক্টোবর ২০২৫ ইং ঃ ৭ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৩০ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



চার দিন আগেই জন্মদিন উদযাপন পরীমনির! -পৃষ্ঠা-৩

## মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের

# ছাত্রীদের নিরাপত্তা চরম ঝুঁকিতে

বিদ্যালয়ের উত্তর পাশে প্রধান সড়ক সংলগ্ন সীমানা প্রাচীর তিন মাস আগে বিনা কারণে ভেঙে ফেলে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। এরপর থেকে উন্মুক্ত অবস্থায় পড়ে থাকা ওই অংশ দিয়ে যে কেউ অবাধে বিদ্যালয় প্রাঙ্গণে প্রবেশ করছে, যা শিক্ষার্থীদের ব্যক্তিগত নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগের সৃষ্টি করেছে।



সূর্যোদয় প্রতিবেদন

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের নিরাপত্তা এখন চরম ঝুঁকিতে। বিদ্যালয়ের উত্তর পাশে প্রধান সড়ক সংলগ্ন সীমানা প্রাচীর তিন মাস আগে বিনা কারণে ভেঙে ফেলে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। এরপর থেকে উন্মুক্ত অবস্থায় পড়ে থাকা ওই অংশ দিয়ে যে কেউ অবাধে বিদ্যালয় প্রাঙ্গণে প্রবেশ করছে, যা শিক্ষার্থীদের ব্যক্তিগত নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগের সৃষ্টি করেছে। বিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষার্থীরা বারবার প্রাচীর পুনর্নির্মাণের দাবি জানালেও এখনো পর্যন্ত তা বাস্তবায়ন হয়নি। বরং শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও বিদ্যালয় কর্তৃপক্ষ একে অপরের ওপর দায় চাপাচ্ছেন বলে অভিযোগ উঠেছে। ১৯৫৪ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টি মেহেরপুর জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## বন্ধুদের হাতে ক্ষতবিক্ষত পৌর ছাত্রদলের আলবাব




নিজস্ব প্রতিবেদক

বাড়ি থেকে ডেকে নিয়ে হোটেলে একসঙ্গে খাওয়া-দাওয়ার পর মোটরসাইকেলে ঘুরতে যাওয়ার পথে বন্ধুদের হাতে নৃশংসভাবে কুপিয়ে গুরুতর জখম হয়েছেন আলবাব খান (২২) নামে এক যুবক। পূর্ব শত্রুতার জেরে পরিকল্পিতভাবে এ হামলা চালানো হয়েছে বলে অভিযোগ উঠেছে। গতকাল বুধবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়সংলগ্ন সড়কে এ ঘটনা ঘটে। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা আলবাবকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন। পরে তার শারীরিক অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। আহত আলবাব মেহেরপুর শহরের শেখপাড়ার আলিফ খানের ছেলে ও মেহেরপুর পৌর ছাত্রদলের সদস্য। স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার সকালে শহরের ক্যাশবপাড়ার রাজুর ছেলে সাদিক, মুখার্জি পাড়ার রাতুল ও রোহান শেখপাড়ার আলবাবকে বাড়ি থেকে ডেকে শহরের একটি হোটেলে নিয়ে যায়। সেখানে একসঙ্গে খাবার খাওয়ার পর তারা মোটরসাইকেল যোগে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপন

নিজস্ব প্রতিবেদক

“মানসম্মত হেলমেট ও নিরাপদ গতি, কমাবে জীবন ও সম্পদের ক্ষতি” প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও বিআরটিএ’র যৌথ উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায়

২-এর পৃষ্ঠা দেখুন

## মোটরসাইকেল দুর্ঘটনায় যুবক নিহত

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার আড়পাড়া গ্রামে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে সুজন আলী (৩০) নামে এক যুবক নিহত হয়েছেন। গতকাল বুধবার রাত ৮টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে । নিহত সুজন আলী গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের খরমপুর গ্রামের ইমাদুল ইসলামের ছেলে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, সুজন আলী দ্রুতগতিতে মোটরসাইকেল চালিয়ে যাওয়ার সময় আড়পাড়া কমিউনিটি ক্লিনিকের দেয়ালে ধাক্কা দেন। এতে তিনি গুরুতর আহত হন।

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে একজনের ২ বছরের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌর শহরে মাদক সেবনে বাধা দেওয়ার জেরে হামলার ঘটনায় পারভেজ নামের এক ব্যক্তিকে ২ বছরের সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানার আদেশ দিয়েছে আদালত। জরিমানা অনাদায়ে আরো ১৫ দিনের কারাদণ্ডের আদেশ দিয়েছেন। গতকাল বুধবার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো. শাহজাহান আলী এই

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে ভিডিএবি’র পরিচিতি সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী পল্লী চিকিৎসক অ্যাসোসিয়েশন (ভিডিএবি)-এর পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার দুপুরে শহরের বোসপাড়ায় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন ভিডিএবি’র সভাপতি জালাল উদ্দিন। প্রধান অতিথি ছিলেন ভিডিএবি কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদক নওশাদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা কমিটির যুগ্ম আহ্বায়ক ইলিয়াস হোসেন। সভায় সদস্য সচিব জিয়াউর রহমান, আবুল বাশার, শরিফুল ইসলাম, আয়নাল হক ও আব্দুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে আলিম পাশ শিক্ষার্থীদের সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

গাংনী ছিদ্দিকিয়া সিনিয়র আলিম মাদ্রাসার ২৪ জন শিক্ষার্থী(শতভাগ) আলিমপরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় তাদের সংবধনা দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকালে মাদ্রাসার হলরুমে এ সংবর্ধনা দেওয়া হয়। সংবর্ধনা

২-এর পৃষ্ঠা দেখুন



## ভোক্তা অধিকারের অভিযানে দুই প্রতিষ্ঠানকে জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুটি প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে জেলা শহরের বিভিন্ন স্থানে এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। অভিযানে কসমেটিক পণ্যের প্রয়োজনীয় তথ্য প্রদানে ব্যর্থ হওয়ায় শহরের বড়বাজার এলাকার কেয়া স্টোর-কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ও

২-এর পৃষ্ঠা দেখুন

## ১৫ সেনা কর্মকর্তাকে নেওয়া হলো সেনানিবাসের অস্থায়ী কারাগারে

সূর্যোদয় প্রতিবেদন

আওয়ামী লীগ সরকারের আমলে সংঘটিত গুম-খুনসহ মানবতাবিরোধী অপরাধের তিন মামলায় গ্রেপ্তার ১৫ সেনা কর্মকর্তাকে সেনানিবাসের একটি অস্থায়ী কারাগারে পাঠিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বুধবার (২২ অক্টোবর) দুপুরে কারা অধিদপ্তরের এআইজি (উন্নয়ন) মো. জান্নাত-উল ফরহাদ জানান, ট্রাইব্যুনালের নির্দেশে অভিযুক্ত কর্মকর্তাদের ঢাকা সেনানিবাসের বাশার রোড সংলগ্ন উত্তর দিকে অবস্থিত ‘এমইএস’ বিল্ডিং নং-৫৪ তে রাখা হয়েছে। তিনি বলেন, “১৫ সেনা কর্মকর্তাকে আইন অনুযায়ী সেনানিবাসের ওই ভবনে রাখা হয়েছে, যা সরকার সাময়িকভাবে

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগর বিএনপির নির্বাচনী প্রস্তুতি সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলা বিএনপির উদ্যোগে ৩৩টি ওয়ার্ড কমিটির সুপারফাইটদের নিয়ে নির্বাচন সংক্রান্ত প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা সাংগঠনিক সম্পাদক ওমর

২-এর পৃষ্ঠা দেখুন

## ভ্রান্ত তথ্য নির্বাচনের আগে বড় চ্যালেঞ্জ প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় নির্বাচনের আগে ভ্রান্ত তথ্য বা বিভ্রান্তিমূলক প্রচারণাকে বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, “ভ্রান্ত তথ্য আসন্ন নির্বাচনের আগে আমাদের অন্যতম বড় চ্যালেঞ্জ।” আজ বুধবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় নবনিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ড. রুডিগার লোটজের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। বৈঠকে উভয়পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্ক, বাণিজ্য, শিক্ষা, রোহিঙ্গা ইস্যু ও নির্বাচনী প্রস্তুতি নিয়ে আলোচনা করেন। প্রধান উপদেষ্টা নবনিযুক্ত রাষ্ট্রদূতকে বাংলাদেশে স্বাগত জানিয়ে বলেন, “সরকার আগামী

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপিত

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

‘মানসম্মত হেলমেট ও নিরাপদ গতি, কমবে জীবন ও সম্পদের ক্ষতি’ এই প্রতিপাদ্যকে কেন্দ্র করে চুয়াডাঙ্গায় জাতীয় নিরাপদ সড়ক দিবস বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মাধ্যমে উদযাপিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শুরু হওয়া শোভাযাত্রা গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। শোভাযাত্রার আয়োজন করেন বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)। আলোচনা সভায় জেলা প্রশাসক

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবরঃ(জামায়ের টাকার জিম্মাদার শ্বশুর জেলে)

জিম্মাদারীর অনেক গল্প
শুনেছি লোকমুখে
জিম্মাদার হয়ে শ্বশুর
গেল কয়েদ ঘরে।
চেকের কথা আসলে পরে
অনেক কথাই আসে
টাকা যদি না থাকে ব্যাংকে
বিপদ থাকে সাথে।
শ্বশুর জামাই আপন মানুষ
বাড়ির মানুষ ঘরে
মেয়ে থাকলো জামাই বাড়ি
শ্বশুর গেল জেলে।
এমন জিম্মায় হইও নাকো
বিপদ আসবে ভেবে
কোটি টাকা ফেরত দিয়ে ও
ইজ্জত যাবে শেষে।




## মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকালে মেহেরপুর মোটর শ্রমিক ইউনিয়নের প্রধান কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবিব সোনা

২-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াত রাষ্ট্রক্ষমতায় যাওয়ার প্রশ্নই আসে নাঃ নাসীরুদ্দীন পাটওয়ারী

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, ‘জামায়াত রাষ্ট্রক্ষমতায় যাওয়ার প্রশ্নই আসে না।’ তিনি বলেন, জামায়াতের রাজনৈতিক দর্শন ও অতীত আচরণ বাংলাদেশের স্বাধীনতা, মানচিত্র ও জাতীয় চেতনার পরিপন্থি। মঙ্গলবার সন্ধ্যার পর নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এসব মন্তব্য করেন। নাসীরুদ্দীন পাটওয়ারী লেখেন, “তারা যতবার ইতিহাসের মঞ্চে ফিরে আসতে

২-এর পৃষ্ঠা দেখুন




## শোলমারি ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে শ্যামপুর একাদশের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারি গ্রামবাসীর উদ্যোগে শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত শোলমারি ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে শ্যামপুর একাদশ জয়লাভ করেছে। বুধবার বিকেলে অনুষ্ঠিত ম্যাচে শ্যামপুর একাদশ ১-০ গোলে আলমপুর একাদশকে

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বৃহস্পতিবার ॥ ৭ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২৩ অক্টোবর ২০২৫ইং

# কুষ্টিয়ায় জাতীয় পার্টির নেতার অশালীন মন্তব্যে রাজনৈতিক উত্তেজনা



নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় জাতীয় পার্টির (কাজী জাফর) একাংশের জনসভায় বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ফরিদা ইয়াসমিনকে অশালীন ভাষায় সম্মোধন করেছেন জাতীয় পার্টির মহাসচিব আহসান হাবিব লিংকন। এছাড়া তিনি স্থানীয় বিএনপি ও জামায়াত নেতাদেরও অকথ্য ভাষায় গালিগালাজ করেছেন। মঙ্গলবার (২১ অক্টোবর) বিকেলে মিরপুর উপজেলার আমলা ইউনিয়নের আমলা বাজারে অনুষ্ঠিত জনসভার ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ার পর রাজনৈতিক অঙ্গনে উত্তেজনা সৃষ্টি হয়। এতে প্রতিবাদে রাতে ফরিদা ইয়াসমিনের সমর্থকরা ভেড়ামারায় মটরসাইকেল ঝাড়ু মিছিল করেন। এই সময় জাতীয় যুব সংহতির পৌর কার্যালয় ভাঙচুরের অভিযোগও পাওয়া গেছে। এ ঘটনার পর থেকে আহসান হাবিব লিংকনের বাড়ির সামনে নিরাপত্তা জোরদার করা হয়েছে। সাধারণ জনগণ তার এই আচরণকে অসৌজন্যমূলক ও শিষ্টাচারবিরোধী হিসেবে মন্তব্য করছে। ভিডিও ফুটেজে দেখা যায়, আহসান হাবিব লিংকন ৩২ মিনিটের বক্তব্যের শেষের দিকে ফরিদা ইয়াসমিনকে ব্যক্তিগতভাবে আক্রমণ

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# পিঠের ব্যথা থেকে মুক্তির ৫টি ছোট অভ্যাস

সূর্যোদয় প্রতিবেদক

অজান্তে আমাদের দৈনন্দিন অভ্যাসই হতে পারে পিঠের ব্যথার বড় কারণ। বিশেষজ্ঞরা বলছেন, সামান্য সচেতনতা ও সঠিক অভ্যাসেই দীর্ঘমেয়াদে পিঠকে সুস্থ রাখা সম্ভব। দীর্ঘ সময় একই ভঙ্গিতে বসে থাকলে কোমর ও নিচের পিঠে চাপ পড়ে। প্রতি ৩০-৪৫ মিনিট পর চেয়ার থেকে উঠে সামান্য হাঁটাহাঁটি বা স্ট্রেচিং করলে ব্যথার ঝুঁকি অনেকটাই কমে। কুঁজো হয়ে বসা, ঘাড় ঝুঁকিয়ে মোবাইল দেখা বা একপাশে ভারসাম্যহীনভাবে দাঁড়ানো মেরুদণ্ডকে ক্ষতিগ্রস্ত করে। সোজা বসা ও দাঁড়ানো মেরুদণ্ডকে শক্ত রাখে। এক কাঁধে ব্যাগ ঝুলানো মেরুদণ্ডে চাপ সৃষ্টি করে। উভয় কাঁধে সমানভাবে ব্যাগ বহন করা বা হুইল চাকা যুক্ত ব্যাগ ব্যবহার করা ভালো। নরম বিছানা শরীর নিচের দিকে ঢলে যায়, ফলে মেরুদণ্ডের স্বাভাবিক বক্রতা নষ্ট হয়। পাশ ফিরে শোয়া বা সোজা হয়ে ছোট বালিশ গলার নিচে রাখাই সবচেয়ে ভালো। শরীরচর্চা না করলে পিঠের পেশি দুর্বল হয়ে যায়। প্রতিদিন অন্তত ৩০ মিনিট হাঁটাহাঁটি বা হালকা যোগব্যায়াম পিঠকে শক্ত ও নমনীয় রাখে। মেরুদণ্ড সুস্থ থাকলে পুরো শরীরই সুস্থ থাকে। তাই ছোট ছোট অভ্যাসে পরিবর্তন আনলেই পিঠের ব্যথা থেকে মুক্ত থাকা সম্ভব।

## কোনো অন্যায় চাপের কাছে নতি স্বীকার করবে না নির্বাচন কমিশন: সিইসি

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশন (ইসি) কারও কোনো অন্যায় চাপের কাছে নতি স্বীকার করবে না বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন। তিনি বলেছেন, "আমরা নির্বাচনের সময় কর্মকর্তাদের কোনো অন্যায় আদেশ বা হুকুম দেবো না। আমাদের নির্দেশনা সর্বদা আইনসম্মত হবে, আর তা সেভাবেই বাস্তবায়ন করতে হবে। আমরা নতুন বাংলাদেশের স্বপ্ন দেখছি।" বুধবার সকালে রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটে একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) নির্বাচন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন সিইসি। উপজেলা নির্বাহী কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, "কোনো চাপের কাছে মাথা নত করবেন না, কোনো অন্যায় চাপের কাছে নতি স্বীকার করবেন না। সম্পূর্ণভাবে নিজের বিবেচনায় ও আইনের প্রতি অনুগত থেকে কাজ করবেন। নির্বাচন কমিশনও কারও অন্যায় চাপের কাছে নতি স্বীকার করবে না। আমরা আপনাদের অন্যায় কোনো নির্দেশনা দেবো না, সুতরাং আইন অনুযায়ী আমাদের নির্দেশনা পালন করবেন।" সিইসি আরও বলেন, "আপনারা ন্যায়ভিত্তিক ভাবে, নিরপেক্ষভাবে এবং পেশাদারিত্বের সঙ্গে কাজ করবেন। আমরা চাই একটি আইন-শৃঙ্খলাপূর্ণ ও স্বচ্ছ নির্বাচন হোক। আমরা নতুন বাংলাদেশের স্বপ্ন দেখছি।" আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকার আহ্বান জানিয়ে নাসির উদ্দীন বলেন, "আমাদের দেশের দুরাবস্থার অন্যতম কারণ হলো আমরা আইনের প্রতি যথেষ্ট শ্রদ্ধাশীল নই। যে জাতি আইনের প্রতি যত বেশি শ্রদ্ধাশীল, সেই জাতিই তত বেশি সভ্য। সভ্য দুনিয়া আইনের শাসনে বিশ্বাসী। আমাদেরও এই সংস্কৃতি গড়ে তুলতে

৩-এর পৃষ্ঠা দেখুন

## পুতিনের সঙ্গে বৈঠক করে 'সময় নষ্ট' করতে চান না ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে নির্ধারিত বৈঠক বাতিল করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ইস্যুতে আলোচনায় সময় নষ্ট করতে চান না। এর আগে গত বৃহস্পতিবার ট্রাম্প ঘোষণা দিয়েছিলেন, আগামী দুই সপ্তাহের মধ্যে হাঙ্গেরির রাজধানী বুদাপেস্টে পুতিনের সঙ্গে বৈঠকে বসবেন। তবে স্থানীয় সময় মঙ্গলবার হোয়াইট হাউস জানায়, বৈঠকটি স্থগিত করা হয়েছে। পরবর্তীতে ট্রাম্প নিজেও জানান, যুদ্ধবিরতির বিষয়ে রাশিয়ার অনীহাই আলোচনার পথে প্রধান বাধা। হোয়াইট হাউসের এক কর্মকর্তা বলেন, "নিকট ভবিষ্যতেও ট্রাম্প-পুতিন বৈঠকের কোনো পরিকল্পনা নেই।" এর আগে সোমবার মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও

৩-এর পৃষ্ঠা দেখুন



## নিষেধাজ্ঞার সময় ইলিশ ধরে নিয়ে যাচ্ছে ভারতীয় জেলেরা: ফরিদা আখতার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশে মা ইলিশ ধরা নিষিদ্ধ থাকলেও এই সময় ভারতীয় জেলেরা নদী ও সাগর থেকে মাছ ধরে নিয়ে যাচ্ছে বলে অভিযোগ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা ফরিদা আখতার। তিনি বলেন, "আমরা ইলিশ রক্ষায় কঠোর নিষেধাজ্ঞা দিচ্ছি, কিন্তু ভারতীয় জেলেরা এসে মাছ ধরে নিয়ে যাচ্ছে এটা অন্যায়। আমরা দেশ হিসেবে এর প্রতিবাদ জানাচ্ছি।" বুধবার (২২ অক্টোবর) দুপুরে সাভারের বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের (বিএলআরআই) ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। উপদেষ্টা ফরিদা আখতার আরও বলেন, দেশে পশুখাদ্যের দাম কিছুটা নিয়ন্ত্রণের বাইরে রয়েছে। পশুখাদ্যের দাম কমানো না গেলে ডিম ও মাংসের দাম

৩-এর পৃষ্ঠা দেখুন

## র‍্যাঙ্কিংয়ে রিশাদের বড় লাফ

সূর্যোদয় প্রতিবেদন

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে দারুণ পারফরম্যান্সে আলোচনার কেন্দ্রবিন্দুতে বাংলাদেশ দলের তরুণ স্পিনার রিশাদ হোসেন। মিরপুরে সিরিজের প্রথম ওয়ানডেতে ছয় উইকেট নিয়ে ইতিহাস গড়েছিলেন তিনিড় বাংলাদেশের প্রথম স্পিনার হিসেবে ওয়ানডেতে ৬ উইকেট নেওয়ার কীর্তি। দ্বিতীয় ম্যাচেও দুর্দান্ত ছন্দ বজায় রেখে নিয়েছেন আরও তিন উইকেট। এই ধারাবাহিক পারফরম্যান্সের প্রতিফলন পড়েছে আইসিসির সদ্য প্রকাশিত ওয়ানডে র‍্যাঙ্কিংয়েও। বুধবার প্রকাশিত তালিকায় ৬৫ ধাপ লাফিয়ে উঠে এসেছেন রিশাদ, এখন তার অবস্থান ৬৬ নম্বরে। রেটিং পয়েন্টে তিনি পেয়েছেন ৪৩০ পয়েন্ট। তার সঙ্গে সমান স্থানে আছেন পাকিস্তানের জুনায়েদ সিদ্দিকী ও কানাডার কালিম সানা। শুধু বোলিং নয়, ব্যাটিংয়েও আলো ছড়িয়েছেন

৩-এর পৃষ্ঠা দেখুন

## পাকিস্তানে ১০টি আফগান শিবির বন্ধ

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশে আফগান শরণার্থীদের জন্য থাকা ১০টি শিবির সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। এর ফলে এখন পর্যন্ত প্রায় ৮৫ হাজার আফগান নাগরিককে নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে বলে জানিয়েছে স্থানীয় সংবাদমাধ্যম জিও নিউজ। প্রতিবেদনে বলা হয়েছে, বেলুচিস্তানের রাজধানী কোয়েটা ও আশপাশের এলাকায় অবৈধভাবে বসবাসরত আফগান নাগরিকদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। শুধু গতকালই সেখানে ৩ হাজার ৮৮৮ জন শরণার্থীকে আটক করা হয়েছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়, "কোয়েটায় আফগান শরণার্থীদের বিরুদ্ধে অভিযান চলছে এবং অবৈধভাবে থাকা হাজারো শরণার্থীকে আটক করে সীমান্তে ফেরত পাঠানো হচ্ছে।" একজন ফেরত পাঠানো শরণার্থী আতিকুল্লাহ মনসুর বলেন, "আফগানিস্তান ও পাকিস্তানের সাম্প্রতিক উত্তেজনার পর থেকে গ্রেফতার ও জোরপূর্বক ফেরত পাঠানোর ঘটনা অনেক বেড়ে গেছে।" আরেকজন শরণার্থী মোহাম্মদ রেজা সাজিশ জানান, "প্রতিদিনই ফেরত পাঠানো হচ্ছে। আমরা এখন ঘরের বাইরে যেতে ভয় পাই।"এদিকে পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা মুহাম্মদ আসিফ এবং খাইবার পাখতুনখোয়ার মুখ্যমন্ত্রী সোহাইল আফ্রিদি জানিয়েছেন, আফগান শরণার্থীদের "সম্মানের সঙ্গে নিজ দেশে ফেরত পাঠানো হবে।" খাজা আসিফ বলেন, "যেভাবে আমরা তাদের আতিথ্য দিয়েছি, সেভাবেই এখন মর্যাদার সঙ্গে দেশে ফেরত পাঠানো হবে।" মুখ্যমন্ত্রী আফ্রিদি বলেন, "সীমান্তে অনাকাঙ্ক্ষিত আচরণ রোধ করতে হবে। যারা শরণার্থীদের জন্য সমস্যা তৈরি করছে, তাদের থামাতে হবে এবং সীমান্তে আরও প্রস্থানপথ খুলে দিতে হবে।" অভিবাসী অধিকারকর্মী মোহাম্মদ খান তালিবি মুহমান্দজাই বলেন, "আফগান

৩-এর পৃষ্ঠা দেখুন



## শ্রীলংকায় বিরোধীদলীয় নেতাকে নিজ কার্যালয়ে গুলি করে হত্যা

সূর্যোদয় প্রতিবেদন

শ্রীলংকার দক্ষিণাঞ্চলীয় উপকূলীয় শহর ওয়েলিগামায় নিজ কার্যালয়ে গুলি করে হত্যা করা হয়েছে বিরোধীদলীয় এক নেতাকে। নিহতের নাম লাসান্তা বিক্রমাসেকেরা (৩৮)। তিনি ওয়েলিগামা নগর পরিষদের চেয়ারম্যান এবং বিরোধী দল সামাগি জানা বালাভেগায়া (এসজেবি)-

৩-এর পৃষ্ঠা দেখুন

## পুতিনের সঙ্গে বৈঠক স্থগিত করল হোয়াইট হাউস

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ নিয়ে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পরিকল্পিত বৈঠক স্থগিত করেছে হোয়াইট হাউস। মঙ্গলবার (স্থানীয় সময়) হোয়াইট হাউসে দেওয়া এক বক্তব্যে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, আলোচনার পথে অন্যতম বড় বাধা হলো রাশিয়ার যুদ্ধবিরতি প্রত্যাখ্যান। তিনি জানান, রাশিয়া যদি লড়াই বন্ধে আগ্রহ না দেখায়, তবে এই মুহূর্তে বৈঠক আয়োজনের কোনো অর্থ হয় না। এর আগে হোয়াইট হাউসের এক কর্মকর্তা জানান, নিকট ভবিষ্যতে

৩-এর পৃষ্ঠা দেখুন



## দুর্ঘটনার কবলে ভারতীয় প্রেসিডেন্টের হেলিকপ্টার

সূর্যোদয় প্রতিবেদন

কেরালার সবরিমালা মন্দির সফরকালে দুর্ঘটনার কবলে পড়েছে ভারতের প্রেসিডেন্ট দ্রৌপদী মুর্মুকে বহনকারী হেলিকপ্টার। মঙ্গলবার (২১ অক্টোবর) প্রমাদম এলাকায় হেলিকপ্টারটি অবতরণের সময় নতুন নির্মিত হেলিপ্যাডের একটি অংশ হঠাৎ দেবে যায়। সৌভাগ্যক্রমে প্রেসিডেন্ট মুর্মু অক্ষত রয়েছেন। স্থানীয় পুলিশের উর্ধ্বতন এক

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্রের ডিভি লটারি থেকে বাদ পড়লো বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাস ও কাজের স্বপ্ন দেখা বাংলাদেশিদের জন্য হতাশার খবর। ২০২৬ সালের ডাইভারসিটি ভিসা (ডিভি) লটারির তালিকা থেকে এবারও বাদ পড়েছে বাংলাদেশ। মার্কিন পররাষ্ট্র দপ্তরের প্রকাশিত নির্দেশনা অনুযায়ী, ডিভি২০২৬ লটারিতে অংশগ্রহণের সুযোগ থাকবে না বাংলাদেশসহ মোট ১৯টি দেশের নাগরিকদের। বাদ পড়া দেশগুলো হলোড় বাংলাদেশ, ব্রাজিল, কানাডা, চীন (মূল ভূখণ্ড ও হংকংসহ), কলম্বিয়া, কিউবা, ডোমিনিকান প্রজাতন্ত্র, এল সালভাদর,

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

### বায়ু দূষণ থেকে জ্বালানি

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বজুড়ে ক্রমবর্ধমান বায়ু দূষণ এখন মানবসভ্যতার জন্য অন্যতম বড় হুমকি। কিন্তু সেই দূষণ সৃষ্টিকারী বায়ুকেই জ্বালানিতে রূপান্তর করার পথে আশার আলো দেখিয়েছেন নরওয়ের একদল বিজ্ঞানী। সম্প্রতি টাইমস অব ইন্ডিয়া প্রকাশিত এক প্রতিবেদনে জানানো হয়, নরওয়ের ইনস্টিটিউট অব বায়োইকোনমি রিসার্চে পরিচালিত এক পরীক্ষায় গবেষকরা শিল্পের বর্জ্য গ্যাসকে পরিবেশবান্ধব জ্বালানিতে রূপান্তর করতে সক্ষম হয়েছেন। ইউরোপ ও যুক্তরাষ্ট্রের যৌথভাবে পরিচালিত এই গবেষণায় ব্যবহার করা হয়েছে এক বিশেষ প্রজাতির ব্যাকটেরিয়া হাইড্রোজেনোট্রফিক মিথেনোজেন। গবেষকরা এই ব্যাকটেরিয়াকে "ওয়েস্ট গ্যাস রিয়াক্টর" নামের বিশেষ এক যন্ত্রে বিক্রিয়া করিয়ে কার্বন ডাই-অক্সাইড ও



হাইড্রোজেনকে রূপান্তর করেছেন মিথেন গ্যাসে। উৎপন্ন গ্যাসটি ৯৬ শতাংশ বিশুদ্ধ এবং জ্বালানি হিসেবে সরাসরি ব্যবহারযোগ্য বলে দাবি করেছেন তারা।

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত্র ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## কুষ্টিয়ায় জাতীয় পার্টির নেতার

(শেষ পৃষ্ঠার পর)
করে বলেন, "মাদার গাছে বেশি ঘষবেন না" এবং তাকে অশালীন ভাষায় সম্বোধন করেন। তিনি বিএনপি নেত্রীকে অভিযোগের দায়ে আক্রমণ করার পাশাপাশি নির্বাচনী প্রসঙ্গ ও ক্ষমতা প্রয়োগের হুমকিও দেন। ফরিদা ইয়াসমিন বলেছেন, "একজন মহাসচিবের এমন শিষ্টাচারবিরোধী বক্তব্য গ্রহণযোগ্য নয়। আমি বিষয়টি কেন্দ্রীয় ও জেলা নেতাদের জানিয়েছি এবং মানহানির মামলা করতে চাই।" কুষ্টিয়া জেলা বিএনপির সদস্য সচিব প্রকৌশলী জাকির হোসেন সরকার জানিয়েছেন, ভিডিও ফুটেজ তারা দেখেছেন এবং এ বিষয়ে দল থেকে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। আহসান হাবিব লিংকন হুসেইন মুহম্মদ এরশাদের নেতৃত্বাধীন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য ও কুষ্টিয়া জেলার সভাপতি। তিনি ১৯৮৮ সালে জাতীয় সংসদে নির্বাচিত হয়েছিলেন এবং ২০১৪ সালে বিশ দলীয় জোটের শরিক কাজী জাফরের নেতৃত্বাধীন জাতীয় পার্টিতে যোগ দেন। এবারও তিনি কুষ্টিয়া-২ আসন থেকে জোটের প্রার্থী হওয়ার প্রত্যাশী। অন্যদিকে বিএনপির ফরিদা ইয়াসমিনও একই আসন থেকে মনোনয়ন প্রত্যাশী।

## কোনো অন্যায় চাপের কাছে নতি

(শেষ পৃষ্টার পর)
হবে।" তিনি আরও বলেন, "আমরা 'রুল অব ল' প্রতিষ্ঠা করতে চাই। প্রত্যেকে নিজের অবস্থান থেকে আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকলে দেশ এগিয়ে যাবে। আপনারা দায়িত্ব পালনের সময় সর্বদা আইন মেনে কাজ করবেন, এটিই আমাদের প্রত্যাশা।" নির্বাচনের সময় সমন্বয়ের গুরুত্ব তুলে ধরে সিইসি বলেন, "উপজেলা পর্যায়ে সমন্বয়ের দায়িত্ব ইউএনওদের কাঁধে থাকে। নির্বাচনকালে আইন-শৃঙ্খলা বাহিনী, প্রিসাইডিং অফিসার, পুলিশ ও মনিটরিং সেলগুলোর সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয় বজায় রাখতে হবে। যেকোনো সংকট দেখা দিলে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নিতে হবেড় শুরুতেই পরিস্থিতি সামলানোর চেষ্টা করবেন।" মোবাইল ম্যাজিস্ট্রেসি কার্যক্রম দ্রুত করার ওপর জোর দিয়ে সিইসি বলেন, "অনেক সময় দেখা যায়, মোবাইল টিম সবকিছু শেষ হওয়ার পর ঘটনাস্থলে পৌঁছায়। তখন কেন্দ্র দখল হয়ে যায়, ভোট বাক্স নিয়ে সবাই চলে যায়। এমন পরিস্থিতি যাতে না হয়, তা নিশ্চিত করতে হবে।" অনুষ্ঠানে নির্বাচন কমিশনের সচিব আখতার আহমেদের সভাপতিত্বে চার নির্বাচন কমিশনার উপস্থিত ছিলেন।

## পুতিনের সঙ্গে বৈঠক করে 'সময় নষ্ট'

(শেষ পৃষ্টার পর)
ও রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের মধ্যে ফোনালাপের পর এই সিদ্ধান্ত আসে বলে জানা গেছে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, "আমি কোনো নিরর্থক বৈঠক চাই না। সময় নষ্ট করতে চাই না। দেখা যাক, শেষ পর্যন্ত কী হয়।" ট্রাম্পের এই সিদ্ধান্তে ইউরোপীয় নেতারা কিছুটা স্বস্তি পেয়েছেন বলে বিশ্লেষকদের ধারণা। কারণ ইউরোপীয় দেশগুলোর শীর্ষ নেতারাড়ব্রিটিশ প্রধানমন্ত্রী, ফরাসি প্রেসিডেন্ট ও জার্মান চ্যান্সেলর আগেই অভিযোগ তুলেছিলেন যে পুতিন কূটনীতির নামে সময়ক্ষেপণ করে যুদ্ধক্ষেত্রে অগ্রগতি অর্জনের চেষ্টা করছেন। তারা স্পষ্ট করে জানিয়েছেন, এমন কোনো চুক্তিকে তারা সমর্থন করবেন না যেখানে ইউক্রেন রুশ দখলকৃত ভূখণ্ডের বিনিময়ে শান্তির জন্য চাপের মুখে পড়েড়য়া ট্রাম্প সম্প্রতি প্রস্তাব করেছিলেন। এদিকে ইউরোপীয় ইউনিয়নের সদস্য দেশগুলো ইউক্রেনকে সহায়তা দিতে রাশিয়ার জব্দ করা সম্পদ ব্যবহার করার পরিকল্পনা এগিয়ে নিচ্ছে। যদিও এই পদক্ষেপের আইনগত বৈধতা ও সম্ভাব্য কূটনৈতিক পরিণতি নিয়ে এখনো উদ্বেগ রয়ে গেছে।

## ফরিদা আখতার

(শেষ পৃষ্টার পর)
কমানো সম্ভব নয়। খামারিরাও ন্যায্য দাম পাচ্ছেন না। তিনি বলেন, "কিছু বড় কোম্পানি ও উৎপাদক নিয়ন্ত্রণহীনভাবে বাজারে প্রভাব বিস্তার করছে। আমরা নীতি পর্যায়ে আলোচনা করে পশুখাদ্যের দাম কমানো ও এর নিরাপত্তা নিশ্চিতের উদ্যোগ নিচ্ছি।" এর আগে সকালে বিএলআরআইয়ের সম্মেলন কক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. শাকিলা ফারুক। অনুষ্ঠানে উপদেষ্টা ফরিদা আখতার প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. জিল্লুর রহমান বিএলআরআইয়ের চলমান গবেষণা কার্যক্রম ও কর্মশালার সারসংক্ষেপ উপস্থাপন করেন। উপস্থিত অতিথিরা বলেন, দেশের প্রাণিসম্পদ খাতের উৎপাদন বৃদ্ধি, সমস্যা চিহ্নিতকরণ ও খাদ্যনিরাপত্তায় বিএলআরআই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব আবু তাহের মুহাম্মদ জাবের, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. আবু সুফিয়ান, এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, খামার বিশেষজ্ঞ, উদ্যোক্তা ও বিজ্ঞানীরা। দুই দিনব্যাপী এই কর্মশালায় ছয়টি সেশনে ৩০টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হচ্ছে। প্রথম দিনে 'অ্যানিম্যাল অ্যান্ড পোল্ট্রি ব্রিডিং অ্যান্ড জেনেটিকস', 'অ্যানিম্যাল ডিজিজ অ্যান্ড হেলথ' ও 'এনভায়রনমেন্ট অ্যান্ড ওয়েস্ট ম্যানেজমেন্ট' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করা হয়। দ্বিতীয় দিনে 'বায়োটেকনোলজি', 'নিউট্রিশন অ্যান্ড ফিড ম্যানেজমেন্ট' ও 'সোশিও-ইকোনোমিকস' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করা হবে। এছাড়া বিএলআরআইয়ের চলমান গবেষণার ওপর ৬১টি পোস্টারও প্রদর্শন করা হচ্ছে। আগামী ২৩ অক্টোবর বিশেষজ্ঞ সুপারিশ পর্যালোচনা ও সমাপনী অনুষ্ঠানের মধ্য দিয়ে দুই দিনব্যাপী কর্মশালার সমাপ্তি হবে।

## পাকিস্তানে ১০টি আফগান শিবির বন্ধ

(শেষ পৃষ্টার পর)
শরণার্থী ইস্যুতে রাজনৈতিক স্বার্থ জড়ানো ঠিক নয়। পাকিস্তান সরকার যেভাবে নতুন সংকট তৈরি করছে এবং সীমান্তে জোরপূর্বক ফেরত পাঠাচ্ছে, তা বন্ধ হওয়া জরুরি। আন্তর্জাতিক সংস্থাগুলোকেও তাদের দায়িত্ব পালন করতে হবে।" অন্যদিকে আফগানিস্তানের শরণার্থী ও প্রত্যাবাসন মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, জোরপূর্বক প্রত্যাবাসন ও বিষয়টিকে রাজনৈতিক রূপ দেওয়া আন্তর্জাতিক আইন ও মানবাধিকার নীতির পরিপন্থি।

## র‍্যাঙ্কিংয়ে রিশাদের বড় লাফ

(শেষ পৃষ্টার পর)
এই তরুণ অলরাউন্ডার। প্রথম ওয়ানডেতে ১৩ বলে ২৬ রানের ঝোড়ো ইনিংসে স্ট্রাইক রেট ছিল দুইশরও বেশি। দ্বিতীয় ম্যাচে আরও বিধ্বংসী ব্যাটিং করে ১৪ বলে অপরাজিত ৩৯ রান করেন, যেখানে ছিল তিনটি ছক্কা ও তিনটি চার। ব্যাটে-বলে এমন দাপটের ফলে অলরাউন্ডারদের তালিকাতেও বড় উন্নতি হয়েছে রিশাদের। ৮৭ ধাপ এগিয়ে উঠে এসেছেন ৩৭তম স্থানে। বাংলাদেশ ক্রিকেটে উদীয়মান তারকা হিসেবে রিশাদের এই উত্থান নতুন আশার বার্তা দিচ্ছে সমর্থকদের কাছে। সিরিজে তার ধারাবাহিক পারফরম্যান্সে ভবিষ্যতের জন্য আরও আত্মবিশ্বাসী হচ্ছে টিম ম্যানেজমেন্ট।

## শ্রীলংকায় বিরোধীদলীয় নেতাকে নিজ

(শেষ পৃষ্টার পর)
এর সদস্য ছিলেন। বুধবার (২২ অক্টোবর) এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে তামিল গার্ডিয়ান। পুলিশ জানায়, সেদিন বিক্রমাসেকেরা তার কার্যালয়ে সাধারণ মানুষের সঙ্গে বৈঠক করছিলেন। এ সময় এক বন্দুকধারী হঠাৎ প্রবেশ করে রিভলভার থেকে একাধিক গুলি চালায়। গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই নিহত হন ওই রাজনীতিবিদ। হামলায় অন্য কেউ আহত হননি বলে নিশ্চিত করেছে পুলিশ। হামলাকারী গুলি চালানোর পরপরই পালিয়ে যায়। এক বিবৃতিতে স্থানীয় পুলিশ জানায়, হত্যাকারীকে ধরতে অভিযান চলছে এবং ঘটনাটির উদ্দেশ্য এখনও পরিষ্কার নয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, স্থানীয় রাজনীতিতে বিরোধ ও ক্ষমতার দ্বন্দ্ব এ হত্যার পেছনে থাকতে পারে। স্থানীয় সূত্র বলছে, ওয়েলিগামা পরিষদের নিয়ন্ত্রণ নিয়ে শাসক দলের সঙ্গে বিরোধী দল এসজেবি'র দীর্ঘদিনের দ্বন্দ্ব চলছিল। নিহত বিক্রমাসেকেরা সম্প্রতি এলাকাটিতে বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগ তুলেছিলেন, যা স্থানীয় রাজনীতিতে উত্তেজনা তৈরি করেছিল। চলতি বছর শ্রীলংকায় সহিংস অপরাধের প্রবণতা উদ্বেগজনকভাবে বেড়েছে। সরকারি পরিসংখ্যান অনুযায়ী, এ বছর দেশটিতে ১০০টিরও বেশি বন্দুক হামলায় অন্তত ৫০ জন নিহত হয়েছেন। বেশিরভাগ ঘটনাই মাদক চক্র ও সংগঠিত অপরাধের সঙ্গে সংশ্লিষ্ট বলে মনে করছে কর্তৃপক্ষ।

## বায়ু দূষণ থেকে জ্বালানি

(শেষ পৃষ্টার পর)
গবেষকদের মতে, এই প্রযুক্তি শিল্প কারখানার নির্গত গ্যাস কমিয়ে দূষণ নিয়ন্ত্রণ ও নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনে বিপ্লব ঘটাতে পারে। যদি এটি বড় পরিসরে প্রয়োগ করা যায়, তবে তেল ও গ্যাসের ওপর নির্ভরতা উল্লেখযোগ্যভাবে কমে আসবে, সেই সঙ্গে কার্বন নিঃসরণও নাটকীয়ভাবে হ্রাস পাবে। বিশেষজ্ঞরা বলছেন, এ আবিষ্কার শুধু বর্জ্য ব্যবস্থাপনাই নয়, বরং জ্বালানি খাতেও আনতে পারে যুগান্তকারী পরিবর্তন। বর্তমানে পরীক্ষাটি সফলভাবে ল্যাব পর্যায়ে সম্পন্ন হয়েছে, এখন চলছে শিল্প পর্যায়ে বাস্তবায়নের

## পুতিনের সঙ্গে বৈঠক স্থগিত করল

(শেষ পৃষ্টার পর)
ট্রাম্প-পুতিন বৈঠকের "কোনো পরিকল্পনা নেই"। অথচ গত বৃহস্পতিবার ট্রাম্প ঘোষণা করেছিলেন, দুই সপ্তাহের মধ্যে হাঙ্গেরির রাজধানী বুদাপেস্টে পুতিনের সঙ্গে তাঁর সরাসরি বৈঠক অনুষ্ঠিত হবে। গত আগস্টে যুক্তরাষ্ট্রের আলাস্কায় জরুরি ভিত্তিতে আয়োজিত এক বৈঠকে সর্বশেষ মুখোমুখি হয়েছিলেন ট্রাম্প ও পুতিন। তবে সেই বৈঠকে কোনো সুনির্দিষ্ট অগ্রগতি বা চুক্তি হয়নি। আসন্ন বৈঠকের প্রস্তুতি হিসেবে এ সপ্তাহে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের মধ্যে একটি বৈঠক হওয়ার কথা ছিল। কিন্তু হোয়াইট হাউস জানিয়েছে, দুই মন্ত্রীর মধ্যে ইতোমধ্যেই "গঠনমূলক ফোনালাপ" সম্পন্ন হয়েছে, ফলে আলাদা বৈঠকের প্রয়োজন পড়ছে না। বিশ্লেষকেরা বলছেন, ইউক্রেন যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার শান্তি প্রস্তাবের মূল পার্থক্যগুলো গত সপ্তাহে আরও প্রকট হয়ে উঠেছে। দুই দেশের অবস্থানের এই অমিলই ট্রাম্প-পুতিন শীর্ষ বৈঠকের সম্ভাবনাকে কার্যত অনিশ্চিত করে তুলেছে।

## দুর্ঘটনার কবলে ভারতীয়

(শেষ পৃষ্টার পর)
কর্মকর্তা জানিয়েছেন, শেষ মুহূর্তে প্রমাদমকে প্রেসিডেন্টের অবতরণের স্থান হিসেবে নির্ধারণ করা হয়। মঙ্গলবার গভীর রাতে তড়িঘড়ি করে কংক্রিট দিয়ে নির্মিত ওই হেলিপ্যাডটি সম্পূর্ণ শক্ত না হওয়ায় অবতরণের সময় তা দেবে যায়। তবে পাইলটের দ্রুত সিদ্ধান্তে বড় কোনো দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়। প্রথমে প্রেসিডেন্টের হেলিকপ্টার অবতরণের কথা ছিল পাম্বার কাছে নিলাক্কাল এলাকায়। কিন্তু খারাপ আবহাওয়ার কারণে শেষ মুহূর্তে সেই পরিকল্পনা বাতিল করে প্রমাদমে অবতরণের সিদ্ধান্ত নেওয়া হয়। চার দিনের সরকারি সফরে দ্রৌপদী মুর্মু মঙ্গলবার সন্ধ্যায় তিরুঅনন্তপুরমে পৌঁছান। সফরের অংশ হিসেবে তিনি কেরালার সবরিমালা মন্দিরে পূজা দেবেন। তিনি হচ্ছেন সবরিমালা মন্দিরে পূজা দিতে যাওয়া ভারতের প্রথম নারী প্রেসিডেন্ট। এর আগে ১৯৭০-এর দশকে সাবেক রাষ্ট্রপতি ভি.ভি. গিরি এই বিখ্যাত আয়াপ্পা মন্দির পরিদর্শন করেছিলেন। সবরিমালা দর্শন শেষে প্রেসিডেন্ট মুর্মু বুধবার সন্ধ্যায় তিরুঅনন্তপুরমে ফিরে আসবেন। বৃহস্পতিবার তিনি রাজভবনে ভারতের সাবেক প্রেসিডেন্ট কে.আর. নারায়ণনের একটি আবক্ষ মূর্তি উন্মোচন করবেন। এছাড়া তিনি ভারকালার শিবগিরি মঠে শ্রী নারায়ণ গুরুর মহাসমাধির শতবর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেবেন এবং কোট্টায়াম জেলার সেন্ট থমাস কলেজের প্লাটিনাম জুবিলির সমাপনী অনুষ্ঠানে যোগ দেবেন।

## যুক্তরাষ্ট্রের ডিভি লটারি থেকে বাদ

(শেষ পৃষ্টার পর)
হাইতি, হন্ডুরাস, ভারত, জ্যামাইকা, মেক্সিকো, নাইজেরিয়া, পাকিস্তান, ফিলিপাইন, দক্ষিণ কোরিয়া, ভেনেজুয়েলা ও ভিয়েতনাম। তালিকায় এ বছর নতুন করে যুক্ত হয়েছে কেবল কিউবা; বাকি দেশগুলো গত বছরও বাদ পড়েছিল। মার্কিন কর্তৃপক্ষ জানিয়েছে, এসব দেশ থেকে যুক্তরাষ্ট্রে অভিবাসনের হার ইতিমধ্যেই অনেক বেশি। তাই 'কম অভিবাসন প্রবণ দেশ' থেকে আবেদন গ্রহণের নীতির অংশ হিসেবে এই দেশগুলোকে ডিভি লটারির বাইরে রাখা হয়েছে। ২০২৬ সালের ডিভি লটারিতে এশিয়া অঞ্চলের ৩১টি দেশ ও অঞ্চল আবেদন করার সুযোগ পাচ্ছে। এর মধ্যে রয়েছেড় আফগানিস্তান, বাহরাইন, ভুটান, ব্রুনাই, মিয়ানমার, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, ইরান, ইরাক, ইসরায়েল, জাপান, জর্ডান, কুয়েত, লাওস, লেবানন, মালয়েশিয়া, মালদ্বীপ, মঙ্গোলিয়া, নেপাল, উত্তর কোরিয়া, ওমান, কাতার, সৌদি আরব, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, সিরিয়া, তাইওয়ান, থাইল্যান্ড, পূর্ব তিমুর, সংযুক্ত আরব আমিরাত ও ইয়েমেন। মার্কিন পররাষ্ট্র দপ্তর প্রতিবছর 'ডাইভারসিটি ভিসা (ডিভি) প্রোগ্রাম'-এর মাধ্যমে সীমিতসংখ্যক অভিবাসন ভিসা প্রদান করে থাকে। এ কর্মসূচির উদ্দেশ্য হলো এমন দেশগুলো থেকে অভিবাসীদের সুযোগ দেওয়া, যেসব দেশ থেকে যুক্তরাষ্ট্রে অভিবাসনের হার তুলনামূলক কম। প্রতি বছর এই কর্মসূচির আওতায় সর্বোচ্চ ৫৫ হাজার অভিবাসী যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসের সুযোগ পান।

# চার দিন আগেই জন্মদিন উদযাপন পরীমনির!

বিনোদন ডেস্ক

পরীমনির জন্মদিন মানেই একটি বিশেষ উদযাপন। সবসময় তাকে দুই সন্তান, বন্ধুবান্ধব, কাছের মানুষদের নিয়ে দিনটি উৎসবমুখর করে পালন করতে দেখা যায়। তবে এবারের এই বিশেষ দিনটিতে তিনি দেশে থাকবেন না।

২৪ অক্টোবর পরীমনির জন্মদিন। তাই জন্মদিনের ৪ দিন আগেই উদযাপন হলো তার এই বিশেষ দিনটি।

মঙ্গলবার (২১ অক্টোবর) পরীমনি এক আনন্দে ভরা পোস্টে জন্মদিন উদযাপনের বেশ কয়েকটি ছবি দিয়ে জানান ২৪ তারিখ তার বার্থডে হলেও আজকেই আয়োজন করে চমকে দিয়েছেন অর্ক। পোস্টে তিনি লিখেন, '২৪ অক্টোবর আমার বার্থ ডে। গতকাল রাতেই সেলিব্রেট করে ফেললো অর্ক। কারণ আমি এবার জন্মদিনে দেশে থাকছি না।' পরী বলেন, 'অর্ক আমার মেকাপ আর্টিস্ট। কাজের সুবাদে তার সাথে পরিচয় হলেও অর্ক তার পরিবারের মতো। তিনি বলেন, অর্ক এবং আমার বাসা একই এলাকায় যার কারণে মাঝেমধ্যে খাবারদাবার আদানপ্রদান হয় আমাদের।

অর্ক আর নিজের সম্পর্ককে স্পষ্ট করেই বললেন, অর্ক আমার ভাইয়ের মতো । দিন দিন ও খুব আহ্লাদি হয়ে যা"ছ আমার কাছে।




**কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা**
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফার্স্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮



**ভাস্কর ডেন্টাল সার্জারী**
টি এন্ডটি বোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর

ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময়:
সকাল : ৯টা - দুপুর ২টা, বিকাল : ৫টা - রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২০২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।



বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
**মেসার্স আঃ মালেক স্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার**
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় : মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসস্ট্যান্ড, গাংনী, মেহেরপুর



**নাজ জুয়েলার্স**
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার

২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮



**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**

| | |
|---|---|
| ডাঃ মোসাঃ নুরুন্নাহার বেগম<br>এম.বি.বি.এস , বি.সি.এস (স্বাস্থ্য)<br>গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন<br>উপ-পরিচালক (অবঃ)<br>কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।<br>রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত | ডাঃ বি.ডি দাস (পিকলু)<br>এম.বি.বি.এস , বি.সি.এস (স্বাস্থ্য)<br>সি.এম.ইউ (আল্ট্রাসনো)<br>গাইনী , মহিলা , গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক<br>রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত |
| ডাঃনাজনীন সুলতানা কনা<br>এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ<br>এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত<br>ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল<br>গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ<br>রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত | ডা. মোঃ আব্দুল আল মারুফ<br>এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)<br>বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব<br>এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ<br>সিসিডি (ডায়াবেটিসঃ বারডেম)<br>পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোস্টন ইউনিভার্সিটি আমেরিকা)<br>সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)<br>রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত |
| ডাঃ অমিত কুমার বিশ্বাস<br>এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)<br>ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)<br>রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত | ডাঃ ইসরাত জেরিন<br>এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস্), সি.এম.ইউ (আল্ট্রা)<br>মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক<br>আবাসিক মেডিকেল অফিসার<br>রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত |
| পুষ্টিবিদঃ তরিকুল ইসলাম<br>বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)<br>সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)<br>ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি<br>রেজিঃ নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)<br>পুষ্টি বিশেষজ্ঞ<br>রোগী দেখার সময়ঃ প্রতিদিন | সিরিয়ালের জন্য যোগাযোগ করুনঃ<br>মোবাইলঃ ০১৭৬৬-৪৮৭৪০৯<br>মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১<br>গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর। |



**নিউ এভারকেয়ার নাসিং হোম**
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প) — এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান — এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার — জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস — এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ



**নিউ মনা জুয়েলার্স**

অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯০, ০১৯১৯-৫৭০৮৯০



**বিসমিল্লাহ্ ফার্মেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬



**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে

কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫



**রাবেয়া মেডিকেল সার্ভিসেস**
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট , মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশনঃ ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়ালঃ ০১৭২৪-৭৮৭৩১৩ ,
মার্কেটিং অফিসারঃ ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০

| | |
|---|---|
| ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ<br>এমবিবিএস , ডি-অর্থো (সার্জারী )<br>কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, বাত ব্যাথা, শিরদাড়া বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত। | ডাঃ বিপুল কুমার বিশ্বাস<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস, ডিজিও , এফসিপিএস (গাইনী ও অবস)<br>সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ ।<br>বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা |
| ডাঃ মোঃ ইয়ানুর হোসেন<br>এমবিবিএস, (ডিএমসি) , বিসিএস (স্বাস্থ্য) , এফসিপিএস (মেডিসিন) , এমডি (কার্ডিওলজি)<br>কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া )<br>বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা। | ডাঃ মোঃ আবুল কাশেম<br>এমবিবিএস(ঢাকা) , বিসিএস(স্বাস্থ্য),<br>এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ)-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা। |
| ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ঢাকা) , বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু),<br>ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল ।<br>প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা । | ডাঃ মোঃ রোকনুজ্জামান<br>এমবিবিএস(রাজশাহী),<br>এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সেক্স বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা। |
| ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী) ,সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা | ডাঃ এম এম কবির শাওন<br>এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা),<br>ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট । প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা। |
| ডাঃ মোঃ আরিফুল ইসলাম<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিক সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত। | ডাঃ মাহবুবা তাজমিলা<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু) । প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা |
| ডাঃ মেহেদী হাসান জনি<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য)<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী)<br>প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা। | ডাঃ মোঃ সফিউল আলম<br>এমবিবিএস,<br>এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা। |



**আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার**
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত



**নিউ স্কায়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ২৩ অক্টোবর ২০২৫ ইং

## নরমাল ডেলিভারিতে উৎসাহ প্রশংসনীয় উদ্যোগ

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের এক মানবিক ও দূরদর্শী পদক্ষেপ স্থানীয়ভাবে দারুণ সাড়া ফেলেছে। মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারির মাধ্যমে সন্তান জন্ম দেওয়া এক মাকে ফুলেল শুভেচ্ছা ও উপহার সামগ্রী প্রদান করে তিনি যে বার্তাটি দিয়েছেন, তা নিঃসন্দেহে জনস্বাস্থ্য ব্যবস্থায় আস্থার এক নতুন দিগন্ত উন্মোচন করতে পারে।বর্তমানে সিজারিয়ান ডেলিভারির সংখ্যা উদ্বেগজনক হারে বৃদ্ধি পাচ্ছে। এর ফলে অনেক পরিবার অযথা আর্থিক ও শারীরিক ঝুঁকির মুখে পড়ছে। সরকারি হাসপাতালে নিরাপদ ও স্বাভাবিক প্রসবকে উৎসাহিত করতে জেলা প্রশাসকের এই ঘোষণা "নরমাল ডেলিভারি করা মায়েদের পুরস্কৃত করা হবে" একটি যুগোপযোগী ও প্রয়োজনীয় সিদ্ধান্ত। এতে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে, এবং সরকারি স্বাস্থ্যসেবার প্রতি আস্থা ফেরানো সম্ভব হবে। তবে এই উদ্যোগকে টেকসই করতে হলে কিছু বিষয় মাথায় রাখতে হবে। প্রথমত, সরকারি হাসপাতালে নরমাল ডেলিভারির জন্য পর্যাপ্ত চিকিৎসক, প্রশিক্ষিত ধাত্রী ও প্রয়োজনীয় সরঞ্জামের ব্যবস্থা থাকতে হবে। দ্বিতীয়ত, প্রাতিষ্ঠানিক সহযোগিতা ও তদারকি নিশ্চিত করতে হবে যেন এই কর্মসূচি কেবল প্রচারণামূলক উদ্যোগে সীমাবদ্ধ না থাকে। তৃতীয়ত, জনগণকে নিয়মিতভাবে সচেতন করতে হবেড়স্বাভাবিক প্রসবই মা ও শিশুর স্বাস্থ্যের জন্য সবচেয়ে নিরাপদ পথ। জেলা প্রশাসকের এই দৃষ্টান্তমূলক পদক্ষেপ অন্য জেলার প্রশাসকদেরও অনুপ্রাণিত করবে বলে আশা করা যায়। সরকারি স্বাস্থ্যব্যবস্থার প্রতি জনগণের বিশ্বাস পুনর্গঠনে এমন মানবিক নেতৃত্বই এখন সময়ের দাবি।

## বন্ধুদের হাতে ক্ষতবিক্ষত

(প্রথম পৃষ্টার পর)

গোভীপুরের দিকে রওনা দেন। গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে পৌঁছালে মোটরসাইকেল চলন্ত অবস্থায় পেছনে বসা সাদিক হঠাৎ ড্যাগার দিয়ে আলবাবের ওপর উপর্যুপরি কোপ মারতে থাকে। এতে আলবাবের হাত, বুক ও পেটে গুরুতর জখম হয়। পরে তাকে রাস্তার পাশে ফেলে রেখে সাদিক ও রাতুল পালিয়ে যায়। স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় আলবাবকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। স্থানীয়দের বরাতে জানা গেছে, সম্প্রতি সেনাবাহিনীর সদস্যরা সাদিক, রাজুসহ কয়েকজনকে আটক করেছিলেন। সেই ঘটনায় আলবাব সেনাবাহিনীর সদস্যদের তথ্য দিয়েছিল এমন সন্দেহে তারা পরিকল্পিতভাবে এ হামলা চালায়। চিকিৎসকরা জানিয়েছেন, আলবাবের শরীরে শতাধিক সেলাই পড়েছে। মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন আহমেদ জানান বলেন, "ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। হামলার সঙ্গে জড়িতদের শনাক্তের কাজ চলছে। দ্রুত তাদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনা হবে।" এ দিকে এ ঘটনার পর পৌর ছাত্রদলের সদস্য আলবাব খানকে দেখতে মেহেরপুর জেনারেল হাসপাতালে ছুটে যান মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান। অ্যাড. কামরুল হাসান এ ঘটনার নিন্দা জনিয়েছেন এবং দ্রুত অপরাদির আইনের অতায় আনার দাবি করেছেন।

## মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সভা

(প্রথম পৃষ্টার পর)

এবং সঞ্চালনা করেন অফিস সেক্রেটারি নাসিম খান। সভায় সাধারণ শ্রমিকরা তাদের নানাবিধ দাবি-দাওয়া ও সমস্যার কথা তুলে ধরেন। আলোচনাক্রমে সভাপতি আহসান হাবিব সোনা আগামী ১৭ নভেম্বর ২০২৫ তারিখে ইউনিয়নের নির্বাচনের ঘোষণা দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ কার্যনির্বাহী কমিটির সদস্যরা। সভায় শ্রমিকদের ঐক্য, অধিকার ও সংগঠনের সুষ্ঠু পরিচালনা নিয়ে দিকনির্দেশনামূলক বক্তব্য দেন নেতৃবৃন্দ।

## ছাত্রীদের নিরাপত্তা চরম ঝুঁকিতে

(প্রথম পৃষ্টার পর)

শহরের প্রধান সড়কের পাশে অবস্থিত। বর্তমানে প্রায় ৮০০ ছাত্রী এখানে অধ্যয়ন করছে। বিদ্যালয়ের উত্তর পাশে প্রধান ফটকসংলগ্ন অংশে প্রাচীর না থাকায় দিনে-রাতে বিভিন্ন অপরিচিত ব্যক্তি নির্বিঘ্নে প্রবেশ করছে বলে জানিয়েছেন স্থানীয়রা। অভিভাবকদের আশঙ্কা, এভাবে অরক্ষিত থাকলে যে কোনো সময় অবাঞ্ছিত ঘটনার ঘটতে পারে। বিদ্যালয়ের শিক্ষার্থী অরিন রহমান বলেন, "আগে অবসর সময়ে আমরা স্কুল প্রাঙ্গণে খেলতাম। এখন প্রাচীর না থাকায় ভয় পাই, খেলতে পারি না। আমরা এখন একপ্রকার ক্লাসবন্দি হয়ে পড়েছি।" আরেক ছাত্রী মোছা. ত্রয়ী বলেন, "ক্লাস থেকে বের হলে দেখি রাস্তা থেকে অনেকেই তাকিয়ে থাকে। এতে অস্বস্তি লাগে, মনোযোগেও প্রভাব পড়ে।" ছাত্রীর অভিভাবক সামসুজ্জামান বলেন, "আগে প্রাচীর ও দারোয়ান থাকায় নিশ্চিন্তে মেয়েকে স্কুলে পাঠাতাম। এখন সারাক্ষণ ভয় কাজ করে।" বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ফজলুল হক বলেন, "নতুন ভবন নির্মাণে কোনো বাধা না থাকলেও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ইঞ্জিনিয়ার সীমানা প্রাচীর ভেঙে ফেলেছেন। ভাঙার আগে স্কুল কর্তৃপক্ষের কোনো অনুমতি নেওয়া হয়নি। এখন তারা দায় আমাদের ওপর চাপাচ্ছেন। স্থানীয় কিছু প্রভাবশালী স্কুলের জায়গা দখল করে ব্যবসা প্রতিষ্ঠান গড়ার চেষ্টা করছে। জেলা প্রশাসন বিষয়টি জানে।" তিনি আরও বলেন, "প্রাচীর না থাকায় বিদ্যালয়ের নিরাপত্তা মারাত্মকভাবে হুমকির মুখে। শিক্ষা প্রকৌশলী ও জেলা প্রশাসকের কাছে লিখিতভাবে জানিয়েছি।" এ বিষয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী শাহীনুর খানম বলেন, "প্রাচীর ভাঙার পর স্থানীয়রা রাস্তা প্রশস্ত করার দাবি তুলেছেন। এ বিরোধের কারণেই নতুন প্রাচীর নির্মাণে বিলম্ব হচ্ছে। জেলা প্রশাসন বিষয়টি তদন্ত করেছে। দ্রুত সমাধান হলে প্রাচীর নির্মাণ শুরু হবে।" অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) পার্থ প্রীতম শীল বলেন, "এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ভালো বলতে পারবেন।" অভিভাবক ও স্থানীয়দের অভিযোগ, জেলা প্রশাসন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও বিদ্যালয় কর্তৃপক্ষ দ্রুত উদ্যোগ না নিলে ছাত্রীদের নিরাপত্তা আরও হুমকির মুখে পড়বে। তারা অবিলম্বে সীমানা প্রাচীর পুনর্নির্মাণের দাবি জানিয়েছেন।

## নাসীরুদ্দীন পাটওয়ারী

(প্রথম পৃষ্টার পর)

চেয়েছে, ততবারই জনগণের অন্তর থেকে প্রতিধ্বনি উঠেছেড় এই দেশকে আর অন্ধকারে ফেরানো যাবে না।" তিনি বলেন, "আমরা ন্যায়, মানবতা ও সংহতির বাংলাদেশে বিশ্বাস করি। এখানে প্রত্যেক নাগরিকের অধিকার আছে, মত প্রকাশের স্বাধীনতা আছে। কিন্তু এই স্বাধীনতা কোনো ষড়যন্ত্রের ঢাল হতে পারে না। প্রশাসনে ছদ্মবেশে অনুপ্রবেশ, বিভাজনের রাজনীতি বা ধর্মের নামে রাষ্ট্র দখলের চেষ্টা এই মাটিতে আর সফল হবে না।" নাসীরুদ্দীন পাটওয়ারী আরও বলেন, "বাংলাদেশের কওমী, সুন্নি, হিন্দু, তরুণ ও প্রগতিশীল সব শ্রেণির মানুষ আজ এক বন্ধনে যুক্তড় এই মাটিকে শান্তি, সৌহার্দ্য ও মানবিকতার পথে রাখার বন্ধনে। যে মাটিতে শহীদদের রক্ত মিশে আছে, যে আকাশে মুক্তিযুদ্ধের আহ্বান ধ্বনিত হয়েছিল, সেই বাংলাদেশে বিভাজনের রাজনীতি কখনোই স্থান পাবে না।" তিনি লেখেন, "আমাদের দায়িত্ব শুধু প্রতিরোধ নয়, সুরক্ষা বাংলাদেশের মানচিত্র, ইসলাম ও আলেম-উলামাদের মর্যাদা রক্ষার দায়িত্ব।" মানবতার রাজনীতির আহ্বান জানিয়ে এনসিপির মুখ্য সমন্বয়ক বলেন, "তবু আমরা ঘৃণার নয়, মানবতার রাজনীতি চাই। যারা বিভ্রান্ত পথে গেছে, তাদের জন্য আমরা

# না জানি দেশের , অ জানি আগন্তুক বনাম আমরা

নাসরীন সুলতানা চৌধুরী

"টরেনজা" দেশ থেকে একজন মধ্যবয়স্ক মহিলা নাগরিক আমেরিকার কোনো একটি স্টেটের বিমান বন্দরে এসে নামলেন। যথারীতি ইমিগ্রেশন অফিসারকে তার পাসপোর্ট এগিয়ে দিলেন এবং তার পাসপোর্ট হাতে পেয়ে ইমিগ্রেশন অফিসার থেকে শুরু করে পুরো পৃথিবীর মানুষ অবাক! অবাক হবার কারন হলো এই টরেন্‌জা নামের কোন দেশের অস্তিত্ব নাকি এই পৃথিবীর মানচিত্রে নেই। এটা কোন গল্প উপন্যাস নয় বা কোনো সিনেমার অংশ ও নয়। এটা আমার মতো যারা সোশাল মিডিয়া ব্যাবহার করেন তারা সবাই দেখেছেন। ভাইরাল হ?ওয়া সেই না জানি দেশের অজানা আন্টি কে নিয়ে আমার মতো অনেকেই গোলক ধাঁধায় পড়ে গেছেন। এই মাধ্যম গুলির প্রতি মানুষের নির্ভরশীলতা বা ডিপেনডেন্সী যত বাড়ছে ,তত?ই এর বহুবিধ সমস্যা ও তৈরি হচ্ছে। সোশাল মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়া গুলি কোনো কল্পিত বিষয় বা বাস্তবে ঘটে নাই এমন ঘটনাকে; প্রায় বাস্তবের কাছাকাছি করে চিত্রায়ন করে ফেলতে সক্ষম বা ভিসুয়া লাইজড করতে সক্ষম। এই সক্ষমতা ই আমাদের বাস্তব ও কল্পনার জগত বা গুজব সব কিছু র মধ্যে পার্থক্য করতে পারাকে অক্ষম করে ফেলছে। যে সময়ে আমি এই মিডিয়া গুলি ব্যাবহার শুরু করি তখন দেখি একটি মাথা বিহীন উট আরব দেশের মরুভূমিতে দিব্বি হেঁটে বেড়াচ্ছে , এটা সেই সময়ের হট টপিক ও ভাইরাল ভিডিও। অনেকের মতো আমিও এটা বিশ্বাস করে বিস্মিত হয়েছিলাম। আসলে এটা মানুষের জন্য একটা ভয়ংকর বার্তা। সাধারণত: কোনো অবিশ্বাস্য ঘটনা বা কথা কিছু কেউ যখন কাছে বর্ণনা করে, তখন শ্রোতাদের প্রশ্ন থাকে তুমি কি নিজের চোখে দেখেছো ? উত্তরে সে যদি বলে, হুম ! নিজের চোখে দেখেছি। তখন অন্যরা এটা বিশ্বাস করার যুক্তি খুঁজে পায়। এখন এই সব ইলেকট্রনিক মিডিয়ার ভেলকি বাজির জন্য সত্য আর মিথ্যার প্রভেদ করা খুবই কঠিন হয়ে গেছে। কারন আপনি সব ক্যামেরার চোখ দিয়ে চাক্ষুষ দেখছেন বা আপনাকে দেখানো হচ্ছে। এখন এর সাথে যুক্ত হয়েছে এ আই বা আর্টিফিশিয়াল ইনটিলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তা । আসলে বিজ্ঞানের অগ্রগতি কেড়ে নিয়েছে আমাদের অনুভূতি । আমাদের চিন্তা,চেতনা, বোধ নিয়ে এ আই বেশ আরামসে খেলে যাচ্ছে এবং তার এই খেলা চলবে ও চলতে থাকবে ড়ড়- আর আমাদের চিন্তা ভাবনা সব এ আই এর মাথায় চাপিয়ে দিয়ে আমরা আসলে এখন থেকে আর কি নিয়ে ভাব বো? তখন শুধু আমরা বসে বসে সোশাল মিডিয়াতে ঘুরে বেড়াবো আর চিন্তা করবো এটা কি সত্যি না এ আই এর কান্ড! (লেখক ও গবেষক, বনানী, ঢাকা)

# মুমিনের শোভা তার জিহ্বার নিয়ন্ত্রণে

মুহাম্মাদ মাহতাব হোসাইন

জিহ্বা আল্লাহর নিয়ামত। জিহ্বার সঠিক ব্যবহার করে আল্লাহর প্রতি কৃতজ্ঞ হওয়া মুমিনের দায়িত্ব। দুই পাটি দাঁতের মাঝখানের এই মাংসখণ্ডের ভুল ব্যবহার দুনিয়া-আখিরাত ধ্বংসের কারণ হতে পারে। পবিত্র কোরআনে আল্লাহ তাআলা তাঁর নিয়ামতের কথা স্মরণ করিয়ে দিয়ে এরশাদ করেন, 'আমি কি তার জন্য দুটি চোখ বানাইনি, আর একটি জিহ্বা ও দুটি ঠোঁট?' মুমিনের জীবনে জিহ্বার হেফাজত গুরুত্বপূর্ণ বিষয়। কথাবার্তায় মার্জিত ও সংযমী না হলে তা বিপদ ডেকে আনে। উকবা ইবনে আমের (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি একবার রাসুলে কারিম (সা.)-কে প্রশ্ন করলাম, 'হে আল্লাহর রাসুল, আল্লাহর আজাব-গজব থেকে নাজাতের উপায় কী?' রাসুলুল্লাহ (সা.) বললেন, 'তুমি তোমার জবানের হেফাজত করো, গুনাহর জন্য আল্লাহর দরবারে কান্নাকাটি করো এবং প্রয়োজন ছাড়া ঘর থেকে বের হইয়ো না।' হাদিসে নাজাত পাওয়ার জন্য প্রথমেই জিহ্বা নিয়ন্ত্রণের কথা বলা হয়েছে। আলেমগণ বলেন, জিহ্বার কারণে মানুষ ৩০টির বেশি গুনাহে লিপ্ত হয়। এর মধ্যে পরনিন্দা, মিথ্যা, কূটনামি, অশ্লীলতা, গালমন্দ ইত্যাদি অতিমাত্রায় হয়ে থাকে। তাই বলা হয়, যুদ্ধের ময়দানে প্রাণ বিসর্জন দেওয়ার চেয়ে জিহ্বা সংযত রাখা বেশি কঠিন। সুফিয়ান ইবনে আবদুল্লাহ সাকাফি (রা.) বলেন, একবার আমি রাসুলুল্লাহ (সা.)-কে আরজ করলাম, 'হে আল্লাহর রাসুল, আমার জন্য কোন বিষয়টি সর্বাধিক ভয়ংকর বলে আপনি মনে করেন?' তখন রাসুলুল্লাহ (সা.) নিজের জিহ্বা ধরে বললেন, 'এটা' (অর্থাৎ জিহ্বা)। তাই অতিরিক্ত কথা বলা এবং বাচালতা প্রদর্শনে নিরুৎসাহিত করে ইসলাম। বরং এ ক্ষেত্রে সংযমী হতে হাদিসে উৎসাহ দেওয়া হয়েছে। রাসুল (সা.) এরশাদ করেন, 'যে চুপ থাকে, সে মুক্তি পায়।'

দরজা খোলা রাখিড় যেন তারা ফিরে আসে গণতন্ত্র, ন্যায় ও মুক্তচিন্তার বাংলাদেশে। এই দেশ কারও শত্রুতা নয়, এই দেশ সহাবস্থানের, পারস্পরিক শ্রদ্ধার এবং এক নতুন ভবিষ্যতের আহ্বান।"

## শোলমারি ইয়ং স্টার ফুটবল

(প্রথম পৃষ্টার পর)

পরাজিত করে। খেলায় নির্ধারিত সময়ের দ্বিতীয়ার্ধের ১৯ মিনিটে শ্যামপুর একাদশের সবুজ পেনাল্টি থেকে গোল করে বিজয় নিশ্চিত করে। ওই মুহূর্তে শ্যামপুরের সবুজ বল নিয়ে ডি-বক্সে প্রবেশ করলে আলমপুরের এক খেলোয়াড় তাকে অবৈধভাবে ধাক্কা দেন। রেফারি সঙ্গে সঙ্গে পেনাল্টির নির্দেশ দেন, যা থেকে গোলটি আসে।

## ভোক্তা অধিকারের অভিযানে দুই

(প্রথম পৃষ্টার পর)

৩৭ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া শাহ মটরস-এর বিক্রয়কৃত ইঞ্জিন অয়েলের গায়ে উল্লেখিত তথ্যের সঙ্গে গরমিল থাকায় প্রতিষ্ঠানটিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে জেলা ইন্সপেক্টর তরিকুল ইসলাম, বাংলাদেশ সেনাবাহিনী ও জেলা পুলিশের একটি টিম সহায়তা প্রদান করেন।

## গাংনীতে আলিম পাশ শিক্ষার্থীদের

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠানে মাদ্রাসার উপাধ্যক্ষ শফিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ মাওলানা মোঃ আহসান হাবীব। বিশেষ অতিথি ছিলেন মাদ্রাসার সভাপতি মাওলানা মোঃ আব্দুর রহমান মিয়া। প্রধান অতিথি মাওলানা আহসান হাবীব শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, "এ অর্জন শুধু শিক্ষার্থীদের পরিশ্রমের নয়, শিক্ষকদের কৌশলী পাঠদানেরও ফল।" তিনি আরও দোয়া করেন, শিক্ষার্থীরা ভবিষ্যতে কঠোর পরিশ্রম করে দেশের সেরা স্থানে পৌঁছাক। বিশেষ অতিথি মাওলানা আব্দুর রহমান মিয়া শিক্ষার্থীদের পরামর্শ দেন, অলসতা এড়িয়ে ধারাবাহিক কঠোর পরিশ্রমের মাধ্যমে লক্ষ্য অর্জন করতে হবে। এতে শিক্ষার্থী, অভিভাবক ও প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পাবে। সংবর্ধনা অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের মাঝে ক্রেস্ট বিতরণ করা হয়। জেলায় প্রথম হওয়ায় প্রতিষ্ঠানকেও সভাপতি সম্মাননা স্মারক ক্রেস্ট প্রদান করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক (আরবি) মোঃ রোকনুজ্জামান। মাদ্রাসার শিক্ষক ও অন্যান্য কর্মরতরা উপস্থিত ছিলেন।

## ১৫ সেনা কর্মকর্তাকে নেওয়া হলো

(প্রথম পৃষ্টার পর)

কারাগার হিসেবে ঘোষণা করেছে।" অভিযুক্তদের মধ্যে রয়েছেন- র‌্যাবের সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপস) ব্রিগেডিয়ার জেনারেল মো. জাহাঙ্গীর আলম, ব্রিগেডিয়ার জেনারেল তোফায়েল মোস্তফা সারোয়ার, ব্রিগেডিয়ার জেনারেল মো. কামরুল হাসান, ব্রিগেডিয়ার জেনারেল মো. মাহাবুব আলম, র‌্যাবের সাবেক পরিচালক (ইন্টেলিজেন্স উইং) লেফটেন্যান্ট কর্নেল মো. মশিউর রহমান জুয়েল, লেফটেন্যান্ট কর্নেল সাইফুল ইসলাম সুমন, কর্নেল আবদুল্লাহ আল মোমেন, কর্নেল আনোয়ার লতিফ খান (অবসরকালীন ছুটিতে), কর্নেল কে এম আজাদ ও কর্নেল মো. সারওয়ার বিন কাশেম। এছাড়া ডিজিএফআইয়ের সাবেক পরিচালক (সিটিআইবি) ব্রিগেডিয়ার জেনারেল মো. মাহবুবুর রহমান সিদ্দিক, ব্রিগেডিয়ার জেনারেল আহমেদ তানভীর মাজাহার সিদ্দিক, মেজর জেনারেল শেখ মো. সারওয়ার হোসেন, বিজিবির সাবেক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ রেদোয়ানুল ইসলাম ও মেজর রাফাত বিন আলম মুন রয়েছেন। গত ১২ অক্টোবর সরকার ঢাকা সেনানিবাসের 'এমইএস' বিল্ডিং নং-৫৪ কে সাময়িকভাবে কারাগার ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করে। বুধবার সকালে বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনাল-১ মানবতাবিরোধী অপরাধের তিন মামলায় মোট ২৮ আসামির মধ্যে বাকিদের পলাতক দেখিয়ে গণমাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ দেন। এই ২৮ আসামির মধ্যে রয়েছেন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল, সাবেক আইজিপি বেনজীর আহমেদ ও সাবেক প্রতিরক্ষা উপদেষ্টা অবসরপ্রাপ্ত মেজর জেনারেল তারিক আহমেদ সিদ্দিকীসহ আরও ১০ সাবেক সেনা কর্মকর্তা। বুধবার সকাল ৭টার পর কড়া নিরাপত্তার মধ্য দিয়ে সেনানিবাস থেকে কারা কর্তৃপক্ষের প্রিজনভ্যানে করে ১৫ সেনা কর্মকর্তাকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। প্রিজনভ্যান থেকে নামিয়ে পুলিশ সদস্যরা তাদের ট্রাইব্যুনালের হাজতখানায় নিয়ে যান। এ সময় সবাইকে সাধারণ পোশাকে দেখা যায়। মানবতাবিরোধী অপরাধের এই তিন মামলায় ২৮ আসামির বিরুদ্ধে প্রসিকিউশনের আনুষ্ঠানিক অভিযোগ ৮ অক্টোবর আমলে নেয় ট্রাইব্যুনাল, এবং সেদিনই গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়। এরপর ১১ অক্টোবর সেনা সদর এক সংবাদ সম্মেলনে জানায়, ওই মামলার আসামিদের মধ্যে চাকরিতে থাকা ও অবসরকালীন ছুটিতে থাকা ১৫ জনকে সেনা হেফাজতে নেওয়া হয়েছে।

## মেহেরপুরে ভিডিএবি'র পরিচিতি সভা

(প্রথম পৃষ্টার পর)

এতে নবগঠিত ভিডিএবি'র পরিচিতি অনুষ্ঠানের মাধ্যমে সংগঠন পরিচিতি প্রদান করা হয়।

## মুজিবনগর বিএনপির নির্বাচনী প্রস্তুতি

(প্রথম পৃষ্টার পর)

ফারুক লিটন, সদর উপজেলা সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম এবং মুজিবনগর উপজেলা সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম। সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, যুগ্ম সম্পাদক মানজারুল ইসলাম ও সাইফুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর ও সম্পাদক আনিসুজ্জামান টুটুল, মুজিবনগর উপজেলা জাসাসের সভাপতি জুলফিকার খান হেলাল, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু প্রমুখ।

## প্রধান উপদেষ্টা

(প্রথম পৃষ্টার পর)

ফেব্রুয়ারির নির্বাচন শান্তিপূর্ণ ও আনন্দমুখর করতে সব ধরনের প্রস্তুতি নিচ্ছে।" তিনি আশা প্রকাশ করেন, রাষ্ট্রদূতের কর্মকালীন সময়ে বাংলাদেশ ও জার্মানির বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও উচ্চতায় পৌঁছাবে। বৈঠকে জার্মান রাষ্ট্রদূত অন্তর্বর্তী সরকারের প্রতি সমর্থন জানিয়ে বলেন, বাংলাদেশের জনগণ গণতান্ত্রিক প্রক্রিয়ায় ক্রমেই বেশি সম্পৃক্ত হচ্ছে, যা অত্যন্ত ইতিবাচক ও উৎসাহব্যঞ্জক। তিনি সরকারের সংস্কারমূলক উদ্যোগ, বিশেষ করে জুলাই জাতীয় সনদের প্রশংসা করেন। রাষ্ট্রদূত বলেন, "রাজনৈতিক দলগুলোকে একসঙ্গে বসে আলোচনা করতে দেখা আনন্দের। নির্বাচনের পরও এ ধরনের সংস্কার উদ্যোগ অব্যাহত থাকা উচিত।" অধ্যাপক ইউনূস বলেন, "জাতীয় ঐকমত্য কমিশন প্রধান রাজনৈতিক দলগুলোকে একত্রিত করে সনদে স্বাক্ষরের যে উদ্যোগ নিয়েছিল, তা ছিল একটি ঐতিহাসিক মুহূর্ত যা ঐক্য ও পরিবর্তনের প্রতি যৌথ অঙ্গীকারের প্রতীক। এটি আসন্ন নির্বাচনের আগে জনগণের আস্থা তৈরিতেও সহায়ক হয়েছে।" বৈঠকে দুই নেতা বাংলাদেশি শিক্ষার্থীদের মধ্যে জার্মানিতে পড়াশোনার ক্রমবর্ধমান আগ্রহ নিয়েও আলোচনা করেন। এছাড়া রোহিঙ্গা শরণার্থী সংকট এবং এ বিষয়ে জার্মানির সহযোগিতা অব্যাহত রাখার বিষয়টিও আলোচনায় উঠে আসে। প্রধান উপদেষ্টা বলেন, "ইউরোপে জার্মানি বাংলাদেশের সবচেয়ে বড় বাণিজ্যিক অংশীদার। আমি আশা করি, নবনিযুক্ত রাষ্ট্রদূত দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ আরও বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন।" তরুণ প্রজন্মের ভূমিকার কথাও উল্লেখ করেন অধ্যাপক ইউনূস। তিনি বলেন, "প্রযুক্তি ও সামাজিক যোগাযোগমাধ্যমের কারণে তরুণরা এখন সহজেই মত প্রকাশ করতে পারে, সংযুক্ত হতে পারে এবং অন্যায়কে চিহ্নিত করতে পারে। তাদের এই সচেতনতা ভবিষ্যতের বাংলাদেশের জন্য আশাব্যঞ্জক।"

## চুয়াডাঙ্গায় জাতীয় নিরাপদ সড়ক

(প্রথম পৃষ্টার পর)

মোহাম্মদ জহিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সাবিক) আহমেদ মাহবুব-উল-ইসলাম সভাপতিত্ব করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান, অধ্যাপক সিদ্দিকুর রহমান, অধ্যাপক এস.এম. ইস্রাফিল, বিআরটিএ সহকারী পরিচালক লিটন বিশ্বাস, সড়ক পরিবহন মালিক সমিতির সাধারণ সম্পাদক একেএম মইন উদ্দীন, বাস ও মিনিবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম, এবং 'নিরাপদ সড়ক চাই' জেলা কমিটির সাধারণ সম্পাদক জাকির হোসেন। জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, "সড়ক দুর্ঘটনায় নিহত ও আহত ১১টি পরিবারের মধ্যে ৪৫ লাখ টাকা বিতরণ করা হয়েছে। সরকারের পক্ষ থেকে নিহত ও আহতদের ক্ষতিপূরণ বাবদ এক লাখ থেকে পাঁচ লাখ টাকা অনুদান দেওয়া হয়। সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে পারলে দুর্ঘটনা কমানো সম্ভব। চালকদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা ইতোমধ্যেই করা হয়েছে এবং ভবিষ্যতেও করা হবে।"

## মেহেরপুরে একজনের ২ বছরের কারাদণ্ড

(প্রথম পৃষ্টার পর)

রায় ঘোষণা করেন। মামলার বিবরণে জানা যায়, ২০১৮ সালের ১৭ জুন, যখন পারভেজ ঘোষপাড়ায় আব্দুল মান্নাফের বাসার সামনে নেশাগ্রস্ত অবস্থায় মাতলামি করছিল। মান্নাফ তাকে নিষেধ করলে পারভেজ ধারালো অস্ত্র দিয়ে হামলা চালান। এতে মান্নাফ গুরুতর আহত হয়ে মেহেরপুর সদর হাসপাতালে ভর্তি হন। ঘটনার পর মান্নাফের স্ত্রী রিনা খাতুন মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করেন। দীর্ঘ শুনানি শেষে আদালত আজ পারভেজকে দণ্ডিত করেন।

## মোটরসাইকেল

(প্রথম পৃষ্টার পর)

স্থানীয়রা তাকে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। হাসপাতালের মেডিকেল অফিসার ডা. ফারুক হোসেন জানান, সুজন আলী হাসপাতালে আনার আগেই মারা গেছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পাঠানো হয়েছে এবং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

## মেহেরপুরে জাতীয়

(প্রথম পৃষ্টার পর)

প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম, এবং সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, আবির আনসারী, শেখ তৌহিদুল কবীর, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামুল উল হক, মেহেরপুর বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, পুলিশ পরিদর্শক ট্রাফিক টিআই আব্দুল হান্নান, সড়ক বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মো. মিজানুর রহমান, জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এস. এম. আকিব এবং আরটিসির সদস্য মো. রফিকুল আলম। আলোচনা সভার আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র?্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ এর নেতৃত্বে র?্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। দিবসটি উপলক্ষে বিকেলে জেলা প্রশাসন ও বাংলাদেশ সড়ক পরিবহন মেহেরপুর সড়ক বিভাগের উদ্যোগে হেলমেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সড়ক বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মিজানুর রহমান, বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, পুলিশ পরিদর্শক ট্রাফিক টিআই আব্দুল হান্নান এবং সংশ্লিষ্ট পুলিশের টিম।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

মেহেরপুর ইউনিট

স্মারক নং- মেহে/রেঃক্রিঃ/ মেহেরপুর (নির্বাচন- ২০২৫-২০২৭ মেয়াদে)-২০২৫/১৩

তারিখঃ ২২/১০/২০২৫

**ইউনিট কার্যনির্বাহী কমিটি (২০২৫-২০২৭) নির্বাচনী তফসীল**

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের বিশেষ সাধারণ সভা (ওজিএম) ও কার্যনির্বাহী কমিটি (২০২৫-২০২৭) নির্বাচন আগামী ১৩ নভেম্বর ২০২৫ বৃহস্পতিবার সকাল ১০.০০টায় ( রেজিষ্ট্রেশন সকাল ০৯.০০টায়) মেহেরপুরপ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। ইউনিট কার্যনির্বাহী কমিটি (২০২৫-২০২৭) নির্বাচনী তফসীল/কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

| নির্বাচনী কার্যক্রম | তারিখ | সময় |
|---|---|---|
| খসড়া ভোটার তালিকা প্রকাশ (ইউনিটের নোটিশ বোর্ড) | ২৩ অক্টোবর ২০২৫, বৃহস্পতিবার | সকাল ০৯:০০ টা |
| ভোটার তালিকায় আপত্তি গ্রহণ | ২৬ অক্টোবর ২০২৫, রবিবার | সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| ভোটার তালিকার আপত্তি নিষ্পত্তি | ২৭ অক্টোবর ২০২৫, সোমবার | সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ (ইউনিটের নোটিশ বোর্ড) | ২৮ অক্টোবর ২০২৫, মঙ্গলবার | সকাল ১১:০০ টা |
| মনোনয়ন পত্র সরবরাহ (ইউনিটের অফিস রুম)<br>মনোনয়ন পত্রের মূল্য (অফেরতযোগ্য):<br>ভাইস-চেয়ারম্যান ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা<br>সেক্রেটারি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা<br>সদস্য ৩,০০০.০০ (তিন হাজার) টাকা | ২৯ অক্টোবর ২০২৫, বুধবার | সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| মনোনয়ন পত্র দাখিল (ইউনিটের অফিস রুম) | ৩০ অক্টোবর ২০২৫, বৃহস্পতিবার | সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| মনোনয়ন পত্র বাছাই | ০২ নভেম্বর ২০২৫, রবিবার | সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশ (ইউনিটের নোটিশ বোর্ড) | ০৩ নভেম্বর ২০২৫, সোমবার | সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| প্রার্থী তালিকার আপত্তি গ্রহণ | ০৪ নভেম্বর ২০২৫, মঙ্গলবার | সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত |
| প্রার্থী তালিকার আপত্তি নিষ্পত্তি | ০৫ নভেম্বর ২০২৫, বুধবার | সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত |
| প্রার্থীতা প্রত্যাহার | ০৬ নভেম্বর ২০২৫, বৃহস্পতিবার | সকাল ০৯:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত |
| চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ (ইউনিটের নোটিশ বোর্ড) | ০৯ নভেম্বর ২০২৫, রবিবার | সকাল ১১:০০ টা |
| ভোট গ্রহণ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন | ১৩ নভেম্বর ২০২৫, বৃহস্পতিবার | সকাল ১১:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| ফলাফল প্রকাশ | ১৩ নভেম্বর ২০২৫, বৃহস্পতিবার | ভোট গণনার পর |

শর্তাবলী:

- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম উচ্চ মাধ্যমিক/এইচ.এস.সি/সমমান পাস হতে হবে।
- প্রার্থীর বয়স ন্যূনতম ২৫ (পচিশ) বছর হতে হবে।
- প্রার্থী কোনো রাজনৈতিক দলের কোনো পর্যায়ের নির্বাহী কমিটির পদধারী সদস্য হতে পারবেন না।( প্রার্থী রাজনৈতিক নির্বাহী কমিটির পদধারী সদস্য হিসেবে নেই মর্মে অঙ্গিকারনামা স্বাক্ষর করে মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে)
- একজন প্রার্থী সর্বাধিক ৩টি (১টি ভাইস-চেয়ারম্যান, ১ টি সেক্রেটারি এবং ১ টি সদস্য পদের জন্য) মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। তবে মনোনয়ন পত্র দাখিলের তারিখে কেবলমাত্র একটি পদের জন্য মনোনয়ন পত্র দাখিল করতে হবে।
- উপস্থিত একজন আজীবন সদস্য বর্ণিত নির্বাচনে ভাইস চেয়ারম্যান ও সেক্রেটারি পদের জন্য একজন করে প্রার্থীর এবং কার্যনির্বাহী কমিটির সদস্য পদের জন্য সর্বাধিক ৫ জন প্রার্থীর নাম প্রস্তাব বা সমর্থন করতে পারবেন।
- একজন আজীবন সদস্য ভাইস চেয়ারম্যান, সেক্রেটারি পদে একটি করে এবং সদস্য পদে ৫ জন প্রার্থীকে ভোট দেবেন।
- সদস্য পদে ৫ জন প্রার্থীর কম বা বেশী ভোট প্রদান করা হলে উক্ত পদে ব্যালটটি বাতিল বলে গণ্য হবে।
- তফসীল অনুযায়ী মনোনয়ন পত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি এবং প্রস্তাবক, সমর্থক ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মনোনয়ন পত্রের সাথে সংগৃহীত রসিদ, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি মনোনয়ন পত্রের সাথে জমা দিতে হবে।
- নির্বাচন কার্যক্রম পরিচালনায় সোসাইটি ও দেশের প্রচলিত প্রথা, নিয়ম-কানুন, পদ্ধতি প্রযোজ্য হবে।
- নির্ধারিত পদের সংখ্যা থেকে অধিক প্রার্থী থাকলে গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হবে।
- সংখ্যাগরিষ্ঠ প্রাপ্ত ভোটের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- বর্ণিত কোন পদে প্রদত্ত ভোটের সংখ্যা সমান হলে প্রধান নির্বাচন কমিশনার প্রার্থীদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে একজনকে বিজয়ী ঘোষণা করবেন।
- স্ব স্ব পছন্দের প্রার্থীর নামের পাশে নির্ধারিত ছকে ✓(টিক) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করবেন। অন্য কোন চিহ্ন ব্যবহার করা যাবে না।
- ভোট গ্রহণের সময় প্যানেলভিত্তিক একজন পোলিং এজেন্ট থাকতে পারবেন।
- ভোট গ্রহণ শেষে গণনার সময় প্যানেলভিত্তিক প্রতি প্যানেলের একজন প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

২২/১০/২৫

(প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর)
অধ্যক্ষ, মেহেরপুর সরকারী কলেজ
ও
প্রধান নির্বাচন কমিশনার
ইউনিট কার্যনির্বাহী কমিটি (২০২৫-২০২৭) নির্বাচন
মোবাইল নং- ০১৭১৬১৬৯৪৯১

২২/১০/২০২৫
মোঃ আবু তালেব
নির্বাচন কমিশনার
মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিট
২০২৫-২০২৭ নির্বাচন

২২/১০/২৫
এ্যাডঃ সাইদুর রাজ্জাক টোটন
পাবলিক প্রসিকিউটর
নির্বাচন কমিশনার
মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিট
২০২৫-২০২৭ নির্বাচন

প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর
অধ্যক্ষ, মেহেরপুর সরকারি কলেজ
ও
প্রধান নির্বাচন কমিশনার
মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিট
২০২৫-২০২৭) নির্বাচন